# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৭. ২. ৬. মোশির ক্রোধ ও কুমারী ছাড়া সকল নারী-শিশুকে হত্যা

নারী-শিশুদের বাঁচিয়ে রাখাতে মোশি প্রচণ্ড ক্রুদ্ধ হলেন। যে দেশের কিছু মানুষের কারণে বনি-ইসরাইলের কিছু ক্ষতি হয়েছিল তাদের বিবাহিত নারী ও অবুঝ শিশুদেরকে কিছুতেই বাঁচিয়ে রাখা যায় না! শুধু কুমারী মেয়েদের ‘নিজেদের জন্য’ বাঁচাতে হবে! “যে সব সেনাপতি, অর্থাৎ যে সব হাজারপতি ও শতপতি যুদ্ধ থেকে ফিরে এসেছিলেন মূসা তাদের উপর রেগে গিয়ে জিজ্ঞাসা করলেন, ‘তোমরা তাহলে সমস্ত স্ত্রীলোকদের বাঁচিয়ে রেখেছ! পিয়োর পাহাড়ের ঘটনায় এরাই তো বালামের পরামর্শে বনি-ইসরাইলদের মাবুদের কাছ থেকে দূরে সরে যাওয়ার কারণ হয়ে দাঁড়িয়েছিল, যার ফলে মাবুদের বান্দাদের মধ্যে মহামারী দেখা দিয়েছিল। এখন তোমরা এই সব ছেলেদের এবং যারা অবিবাহিতা সতী (কুমারী) মেয়ে নয় এমন সব স্ত্রীলোকদের হত্যা কর; কিন্তু যারা অবিবাহিতা সতী (কুমারী) মেয়ে তাদের তোমরা নিজেদের জন্য বাঁচিয়ে রাখ।” (শুমারী ৩১/১৩-১৮)

এভাবেই বাইবেলের ঈশ্বর ও তাঁর ভাববাদী যুদ্ধবন্দি নারীদের মধ্য থেকে দুগ্ধপোষ্য শিশু ও দুগ্ধদানকারী মাতাসহ সকল শিশু ও নারীকে হত্যার নির্দেশ দিলেন! বাইবেলীয় ঈশ্বর ও নবীদের নিকট ‘অবিবাহিত সতী’ বা কুমারী মেয়েদের মূল্য খুবই বেশি! তবে দুগ্ধদানকারী মাতা ও শিশুদের হত্যায় কোনো অসুবিধা নেই!!

Source — https://www.hadithbd.com/books/link/?id=14606

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন